



## জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ

ফোন: ০২২৪৪৯১০৮৫-৫১ ফ্যাক্স: ০২২৪৪৯১০৫২

ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### ‘ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন ফর স্মার্ট বাংলাদেশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৭ জুন ২০২২।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ই-গর্ভনেন্স এ্যাড ইনোভেশন এ্যাকশন প্ল্যান ইপ্লিমেন্টেশন কমিটি আয়োজিত ‘ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন ফর স্মার্ট বাংলাদেশ’ শীর্ষক সেমিনার আজ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে বেলা দশটায় অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. সাজাদ হোসেন বলেন, বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতি, রাজনীতি, অর্থনীতি, মানুষের আচার-আচরণ, শিক্ষা, যোগাযোগ, প্রযুক্তি প্রভৃতি সবগুলো বিষয় স্মার্ট বাংলাদেশের অন্তর্ভুক্ত। তিনি বলেন, বাংলাদেশ অপার সঙ্গবনার দেশ। এখানে সীমিত সুযোগ সুবিধার মধ্যেও মানুষ হাসি-খুশি থাকার চেষ্টা করে। এমন পরিবেশ ও পরিস্থিতির মধ্যেও সুখী মানুষ পাওয়া বাংলাদেশ ছাড়া বিরল। এমন ইতিবাচক মানসিকতা সম্পন্ন মানুষ দিয়েই বাংলাদেশ আমুল বদলে যাচ্ছে এবং যাবে। সভাপতির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম বলেন, আধুনিক ও সমৃদ্ধশালী বাংলাদেশ গঠনে বর্তমান শিক্ষক-শিক্ষার্থীগণ নেতৃত্ব দেবেন। উপাচার্য বলেন, বাংলাদেশের সঙ্গে যেমন বঙ্গবন্ধু ওতপ্রোতভাবে জড়িত। তেমনি বাংলাদেশের উন্নয়নের সঙ্গে বঙ্গবন্ধুর জ্যৈষ্ঠ কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নাম ওতপ্রোতভাবে জড়িত। উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সোনার বাংলা গড়তে সকলকে সহযোগী হওয়ার আহবান জানান। ই-গর্ভনেন্স এ্যাড ইনোভেশন এ্যাকশন প্ল্যান ইপ্লিমেন্টেশন কমিটির সভাপতি অধ্যাপক ড. এম. শামীম কায়সারের পরিচালনায় ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের সহযোগিতায় অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মো: মনজুরুল হক এবং ডিনস কমিটির সভাপতি ও গান্ধিতিক ও পদার্থবিষয়ক অনুষদেও ডিন অধ্যাপক ড. অজিত কুমার মজুমদার।

উদ্বোধনী অনুষ্ঠানের পর টেকনিক্যাল সেশনে প্রতিপাদ্য বিষয়ের ওপর বক্তব্য রাখেন অধ্যাপক ড. মো. সাজাদ হোসেন এবং আইআইটির শিক্ষক ড. শামীম আল মামুন।

সেমিনারে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, বিভিন্ন অনুষদের ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, অন্যান্য শিক্ষক এবং অফিস প্রধানগণ অংশগ্রহণ করেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

